যুগান্তর

২৪/১০/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ... ৭

# জাতীয় নিরাপত্তার জন্য বিদেশী ছাত্রছাত্রীদের তথ্য সংরক্ষণ করছে যুক্তরাষ্ট্র

সরকারি কর্মকর্তারা যখন প্রয়োজন তখনই বিদেশী ছাত্রছাত্রীদের তথ্য জানতে পারবেন শুধুমাত্র মাউসে ক্লিক করেই। আমেরিকার নিরাপত্তা ব্যবস্থাকে অধিকতর নিশ্ছিদ্রভাবে গড়ে তোলার জন্যই ইমিগ্রেশন এবং ন্যাশনালাইজেশন সার্ভিস ইতিমধ্যেই বিদেশী ছাত্রছাত্রীদের যাবতীয় তথ্যাদির ডেটাবেজ সংরক্ষণ কার্যক্রম শুরু করেছে। 'স্টুডেন্ট এক্সচেঞ্জ ভিজিটর ইনফরমেশন সিস্টেম' নামের এই কার্যক্রমের আওতায় আমেরিকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত বিদেশী ছাত্রছাত্রীদের যাবতীয় তথ্যাদি এখন একত্রিত করা হচ্ছে। কর্মকর্তারা আশা করছেন আগামী ২০০৩ সাল নাগাদ এই কার্যক্রম পরিপূর্ণতা পাবে। এদিকে এই ডেটাবেস সংরক্ষণ এবং খরচাদি মেটানোর জন্য স্টুডেন্ট ভিসাধারীদের ৯৫ ডলার ফি দিতে হবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে। এদিকে কেউ কেউ এই কার্যক্রমের বিরোধিতা করলেও গত ১১ সেপ্টেম্বরের সন্ত্রাসী হামলার পর এ পরিস্থিতির পরিবর্তন ঘটেছে। ইমিগ্রেশন এবং ন্যাশনালাইজেশন সার্ভিসের একজন মুখপাত্র জানান, সমগ্র প্রক্রিয়াটিকে এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে শিক্ষা প্রতিষ্ঠান, আইএসএস, স্টেট ডিপার্টমেন্ট এবং এডুকেশন ডিপার্টমেন্ট একই ডেটাবেসের আওতায় আসে। তিনি জানান, এই ডেটাবেস সংরক্ষণের ফলে প্রয়োজনে যে কেউ যে কোন সময় যে কোন তথ্য খুব সহজে পেতে পারবেন। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে এই কার্যক্রম সহায়ক ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**আল-আমিন**